

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।

বিষয় : কেডিএ'র নৈতিকতা কমিটির ২০২১-২০২২ অর্থ বছরের ১ম ত্রৈ-মাসিক (জুলাই /২০২১-সেপ্টেম্বর/২০২১) এর সভার কার্যবিবরণী।
সভাপতি : ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মাহবুবুল ইসলাম, চেয়ারম্যান, কেডিএ, খুলনা।
তারিখ ও সময় : ১৩ সেপ্টেম্বর /২০২১ বেলা ২.৩০ ঘটিকা
স্থান : কেডিএ সম্মেলন কক্ষ।

সভায় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেন।

- | | | | |
|----|--|---|--------------------------------------|
| ১। | সচিব, কেডিএ, খুলনা। | - | সদস্য |
| ২। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কেডিএ, খুলনা | - | সদস্য |
| ৩। | অর্থ ও হিসাব রক্ষণ অফিসার, কেডিএ, খুলনা | - | সদস্য |
| ৪। | জনাব মো: মামুনুল আবেদীন, উপ-পরিচালক (বাজেট ও নিরীক্ষা) কেডিএ, খুলনা। | - | সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৫। | জনাব মুনতাসির মামুন, সহকারী প্রকৌশলী, কেডিএ, খুলনা | - | বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৬। | জনাব মোঃ নাজমুল হদা, সহকারী প্রোগ্রামার, কেডিএ, খুলনা | - | সদস্য |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানান। মন্ত্রণালয়ে প্রেরিত কেডিএ'র ২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার পরিবীক্ষণ কাঠামোর প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। সে অনুযায়ী আলোচনা উপস্থাপন করার জন্য সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করেন।

আলোচ্য সূচী নং- ০১ প্রাতিষ্ঠানিক ব্যবস্থা- নৈতিকতা কমিটির সভা ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন)	মন্তব্য/বাস্তবায়ন
<p>আলোচনাঃ কেডিএ'র ২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার পরিবীক্ষণ কাঠামোতে প্রতি ত্রৈ-মাসিকে নৈতিকতা কমিটি একটি করে সভা করার লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে এবং সভার কার্যবিবরণী যে মাসে সভা অনুষ্ঠিত হবে সে মাসের শেষ কার্যদিবসে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা রয়েছে। তাছাড়া সভার কার্যবিবরণীতে উল্লেখিত প্রতিটা সিদ্ধান্ত যথাযথ বাস্তবায়ন করে প্রমাণকসহ বাস্তবায়ন প্রতিবেদনও মন্ত্রণালয়ে প্রেরণ করতে হয়। সভাপতি সভার প্রতিটা সিদ্ধান্ত গুরুত্বের সাথে বিবেচনা করে সে গুলি বাস্তবায়ন করার এবং প্রমাণকসহ বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।</p> <p>সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনার পর প্রতি ত্রৈ-মাসিকে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করার এবং প্রশাসন ও সাধারণ শাখা হতে কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।</p> <p>আলোচ্য সূচী নং- ০২ প্রাতিষ্ঠানিক ব্যবস্থা-সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা</p> <p>আলোচনাঃ খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ একটি সেবামূলক প্রতিষ্ঠান। সেবা সহজীকরণের অন্তরায় চিহ্নিত করে দ্রুততম সময়ে সেবা গ্রহীতাদের নিকট সেবা পৌছে দেয়ার নিমিত্তে তাঁদের সাথে আলোচনা করা প্রয়োজন মর্মে সভাপতি সভাকে অবহিত করেন। সে লক্ষ্যে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রায় উল্লেখিত অংশীজনের অংশ গ্রহণে সভা যথাসময়ে অনুষ্ঠানের বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন। ইতোমধ্যে বাস টার্মিনালের বিভিন্ন সমিতি ও ইমারত নির্মাণকারীগণের সাথে কর্তৃপক্ষের যে সভাগুলো অনুষ্ঠিত হয়েছে তার রেজুলেশন নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়।</p>	<p>দায়িত্বপ্রাপ্ত সকল ব্যক্তি/পদ প্রমাণকঃ সভার সিদ্ধান্ত, সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন, শুদ্ধাচার কার্যক্রম ও সময় সময় কমিটি কর্তৃক চাহিত মোতাবেক তথ্যাদি।</p> <p>সিনিয়র বৈঃ অফিসার, অথরাইজড অফিসার ও পরিকল্পনা অফিসার প্রমাণকঃ অংশীজনের সভার কার্যবিবরণী, সভার হাজিরা ও ছবি</p>

সিদ্ধান্তঃ

বিস্তারিত আলোচনার পর ত্রৈ-মাসিকের (কোয়ার্টারের) মধ্যে অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন করার এবং বাস টার্মিনালের বিভিন্ন সমিতি ও ইমারত নির্মাণকারীগণের সাথে কর্তৃপক্ষের অনুষ্ঠিত সভাগুলোর রেজুলেশন সংশ্লিষ্ট শাখা কর্তৃক নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো ।

আলোচ্য সূচী নং- ০৩ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন ।

আলোচনাঃ

কেডিএ'তে শুদ্ধাচার প্রতিষ্ঠায় কর্মকর্তা/কর্মচারীদের নৈতিক উৎকর্ষ সাধনের মাধ্যমে সেবার মানোন্নয়নের জন্য প্রতি ত্রৈ-মাসিকে শুদ্ধাচার সংক্রান্ত ২ (দুই) টা করে প্রশিক্ষণ আয়োজন করার লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে । এ সংক্রান্তে নৈতিকতা কমিটি প্রশিক্ষণের আয়োজন করবে মর্মে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন ।

সিদ্ধান্তঃ

বিস্তারিত আলোচনার পর শুদ্ধাচার সংক্রান্তে নৈতিকতা কমিটি প্রতি ত্রৈ-মাসিকে ২ (দুই) টি প্রশিক্ষণের আয়োজন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো ।

আলোচ্য সূচী নং- ০৪ কর্ম-পরিবেশ উন্নয়নঃ।

আলোচনাঃ

বর্তমানে বিরাজমান নতুন স্বাভাবিক (new normal) পরিস্থিতিতে দপ্তর/সংস্থাসমূহ স্ব স্ব কার্যালয়ে কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম যেমন স্বাস্থ্যবিধি অনুসরণে "নো মাস্ক নো সার্ভিস" নীতির অনুসরণ, আগত সেবা প্রত্যাশীদের জীবাণু মুক্ত করে প্রবেশ নিশ্চিতকরণ, অফিস প্রাঙ্গনকে সবুজায়ন ও ফুলের চারা দ্বারা সজ্জিত করণ এবং অফিসের ভিতর ও বাহির অপ্রয়োজনীয় মালামাল অপসারণ ও পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ এর মাধ্যমে কেডিএ'র কর্ম-পরিবেশ উন্নয়ন করার লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হয়েছে । উন্নত কর্ম-পরিবেশ সেবার মান বৃদ্ধিতে সহায়ক হিসেবে কাজ করে । সভার সকলে লক্ষ্যমাত্রা মোতাবেক কর্ম-পরিবেশ উন্নয়নের বিষয়ে একমত পোষণ করেন ।

সিদ্ধান্তঃ

বিস্তারিত আলোচনার পর শুদ্ধাচার কর্ম-পরিবেশ উন্নয়ন বর্ণিত ১.৫ নং কার্যক্রম মোতাবেক কর্ম-পরিবেশ উন্নয়ন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য সূচী নং- ০৫ আর্থিক ব্যবস্থাপনা উন্নয়নঃ ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ, প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন ও বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন এবং প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর ।

আলোচনাঃ

পিপিএ ২০০৬ এর ১১(২) এবং পিপিআর ২০০৮ এর ১৬(৬) ধারার বিধান মতে ২০২১-২২ অর্থ বছরের প্রারম্ভে অনুমোদিত ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) কেডিএ'র ওয়েবসাইটে প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে । কেডিএ'র বিভিন্ন শাখা হতে সেবা ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে আপলোড করা হয়েছে । এজন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং প্রতি অর্থ বছরের শুরুতে অনুমোদিত ক্রয় পরিকল্পনা কেডিএ'র ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন ।

নৈতিকতা কমিটি
প্রমাণকঃ
নোটিশ, হাজিরা ও
ছবি ।

উপ-পরিচালক
(প্রশাসন)

ও


প্রমাণকঃ সভাপতি
কর্তৃক সত্যায়িত
বাস্তবায়ন প্রতিবেদন,
সংশ্লিষ্ট পত্র, প্রযোজ্য
ক্ষেত্রে ছবি ও অন্যান্য
প্রমাণক

নির্বাহী প্রঃ (রঃবেঃ), নির্বাহী প্রঃ (পূর্ত), নির্বাহী প্রঃ (প্রঃ), উপ-পরিচালক (প্রশাসন), প্লানিং অফিসার, সহকারী প্রোগ্রামার।

প্রমাণকঃ
ক্রয় পরিকল্পনা,
অফিস আদেশ, সভার
কার্যবিবরণী, এডিপি

<p>তাছাড়া প্রকল্পের PIC সভা আয়োজন ও বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন এবং প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর এর বিষয়ে সংশ্লিষ্ট সকলে ব্যবস্থা গ্রহণ করবে মর্মেও আলোচনা করা হয়।</p> <p>সিদ্ধান্তঃ</p> <p>বিস্তারিত আলোচনান্তে কেডিএ'র শুদ্ধাচার কাঠামোয় বর্ণিত আর্থিক ব্যবস্থাপনার ক্ষেত্রে সিদ্ধান্ত নিম্নরূপঃ</p> <p>(১) সেবা ক্রয়কারী দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ পদ রাজস্ব/ প্রতি বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনা কেডিএ'র ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশের ব্যবস্থা করবেন। ইতোমধ্যে আপলোডকৃত ক্রয় পরিকল্পনার অফিস আদেশ/সংশ্লিষ্ট প্রমাণকসহ ক্রয় পরিকল্পনার ছায়ালিপি নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবেন ;</p> <p>(২) প্রকল্পের PIC সভা আয়োজন ও বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন এবং প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর এর বিষয়ে সংশ্লিষ্ট সকলে ব্যবস্থা গ্রহণ করবেন।</p> <p>আলোচ্যসূচী নং ০৬</p> <p>বিবিধ আলোচ্যসূচীঃ</p> <p>(০১) গণশুনানীঃ কেডিএ'র সেবার মান ও জবাবদিহিতা বৃদ্ধির জন্য সেবা গ্রহীতার/দর্শনার্থীদের নিয়ে সময় সময় গণশুনানীর আয়োজন করার জন্য সভাপতি সেবা প্রদানকারী শাখাসমূহকে নির্দেশ দেন এবং যেদিন দর্শনার্থী বেশি হবে সেদিন তাৎক্ষণিক গণশুনানীর পরামর্শ দেন।</p> <p>(০২) যথাযথ প্রমাণকঃ অনেক সময় সংশ্লিষ্ট শাখা হতে প্রেরিত অগ্রগতি প্রতিবেদনের সাথে সংযুক্ত প্রমাণক যথাযথ হয় না। ফলে সে গুলি মন্ত্রণালয়ে অগ্রগতি পর্যালোচনা সভায় বিব্রতকর অবস্থা সৃষ্টি করে। তাই যথাযথ প্রমাণক প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে সভাপতি নির্দেশ প্রদান করেন।</p> <p>(০৩) অভিযোগ বক্সঃ সেবাপ্রত্যাশিরা যা'তে সহজে অভিযোগ জানাতে পারে সে জন্য কেডিএ'র নিচতলায় দৃশ্যমান স্থানে অভিযোগ বক্স স্থাপন করার জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন।</p>	<p>বাস্তবায়নের প্রমাণক ও হস্তান্তর সংশ্লিষ্ট পত্র</p> <p>সংশ্লিষ্ট সকলে</p>
--	--

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



ত্রিগে: জেনা: মো: মাহবুবুল ইসলাম
চেয়ারম্যান,
কেডিএ, খুলনা
ও
সভাপতি
শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন
সংক্রান্ত নৈতিকতা কমিটি।

স্মারক নং-২৫.৪১.০০০০.০০৭.০৬.১৪.২১(৪র্থ খন্ড)

৬৭৫০/১৫

তারিখ:

আশ্বিন '১৪২৮

সেপ্টেম্বর ২০২১

১৫/৯/২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

- ০১। প্রধান প্রকৌশলী, কেডিএ, খুলনা।
- ০২। সচিব, কেডিএ, খুলনা ও সদস্য, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি।
- ০৩। পরিচালক (এস্টেট), কেডিএ, খুলনা।
- ০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কেডিএ, খুলনা ও সদস্য, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি।
- ০৫। সিনিয়র বৈষয়িক অফিসার, কেডিএ, খুলনা।
- ০৬। নির্বাহী প্রকৌশলী (র: বে:), কেডিএ, খুলনা।
- ০৭। অথরাইজড অফিসার, কেডিএ, খুলনা।
- ০৮। অর্থ ও হিসাব রক্ষণ অফিসার, কেডিএ, খুলনা।
- ০৯। উপ-পরিচালক (প্রশাসন), কেডিএ, খুলনা। (নৈতিকতা কমিটির কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধসহ)।
- ১০। নির্বাহী প্রকৌশলী (পূর্ত), কেডিএ, খুলনা।
- ১১। নির্বাহী প্রকৌশলী (প্রকল্প), কেডিএ, খুলনা।
- ১২। পরিকল্পনা অফিসার, কেডিএ, খুলনা।
- ১৩। জনাব মুনতাসির মামুন, সহকারী প্রকৌশলী, কেডিএ, খুলনা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি।
- ১৪। সহকারী প্রোগ্রামার (জনাব মোঃ নাজমুল হুদা), কেডিএ, খুলনা ও সদস্য, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি (নৈতিকতা কমিটির কার্যবিবরণী শুদ্ধাচার সেবা বক্সে আপলোড করার অনুরোধসহ)।
- ১৫। একান্ত সচিব, চেয়ারম্যান, কেডিএ, খুলনা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ মামুনুল আবেদীন)

উপ-পরিচালক (বাঃ ও নিঃ), (চেঃদাঃ)

কেডিএ, খুলনা

এবং

সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা
কমিটি।